গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
<u>প্রশাসন অধিশাখা</u>

**শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নে ২য় অনুষ্ঠিত ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনেন্দ্র নাথ সরকার<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৯/১২/২০২২ |
| সময় | : | বিকাল ০২.৩০ টা |
| সভার স্থান | : | শিল্প মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৩০৬)। |

সভায় উপস্থিতির তালিকা- পরিশিষ্ট-ক

২। <u>আলোচনা</u> :

২.১ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর সভাপতি সভার বিষয়বস্তু উপস্থাপন করার জন্য ড. মোঃ সাইফুল ইসলাম, উপসচিব (এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি)-কে অনুরোধ করেন। উপসচিব (এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি) সভাকে অবহিত করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা মোতাবেক ২০২২-২৩ অর্থবছরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ৪টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। সে অনুযায়ী অদ্য ২য় সভার আয়োজন করা হয়েছে।

২.২ উপসচিব (এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি) আরও বলেন, মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতিতে কিছু ত্রুটি বিচ্যুতি রয়েছে। বিদ্যমান ত্রুটি বিচ্যুতিসমূহ হল: (ক) আবেদন পত্রের কোন নির্ধারিত ফরম্যাট/ কী কী তথ্য উপাত্ত থাকা প্রয়োজন তা উল্লেখ না থাকা (ক) আবেদনপত্রের সাথে সংযোজনী হিসাবে যে সকল দলিল/দস্তাবেজ, ডকুমেন্ট প্রয়োজন হয় তার পূর্ণাঙ্গ তালিকা না থাকা (গ) প্রয়োজনের অতিরিক্ত কাগজপত্র দাবি করা (ঘ) চাহিত কাগজপত্র এর ধরন (মূল/সত্যায়িত/ফটোকপি/কপির সংখ্যা) সুনির্দিষ্টভাবে উল্লেখ না থাকা (ঙ) প্রয়োজনীয় কাগজ পত্রের কলামে পূর্ণাঙ্গ তালিকা উল্লেখ না করে "নীতিমালা/আইন অনুযায়ী" শব্দগুলো ব্যবহার করা (চ) সেবা মূল্য কোন্ হিসাব নম্বরে/কোডে/ কোথায়, কখন, কীভাবে জমা প্রদান করতে হবে সে তথ্য স্পষ্টভাবে উল্লেখ না করা (ছ) চালানের মাধ্যমে অর্থ জমা প্রদানের ক্ষেত্রে চালানের খাত বা অর্থনৈতিক কোড স্পষ্টভাবে উল্লেখ না করা (জ) কোনো ব্যাংকে ফি/চার্জ জমাদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকের হিসাব নম্বর ও শাখার নাম উল্লেখ না করা ইত্যাদি। এসব ত্রুটি বিচ্যুতির বিষয়ে সংস্থা/দপ্তর/অধিদপ্তর/বোর্ড/ফাউন্ডেশনকে সচেতন থাকার জন্য পরামর্শ প্রদান করেন।

৩। শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) দপ্তর/সংস্থাসমূহ স্ব-স্ব প্রতিষ্ঠানের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে দ্রুত আপলোড করবে;

(খ) দপ্তর/সংস্থাসমূহ সেবা গ্রহীতাদের নিয়ে অবহিতকরণ সভা করে কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

(গ) দপ্তর/সংস্থাসমূহ যে যে সেবা প্রদান করে থাকে ত্রৈমাসিক ভিত্তিতে সে সংক্রান্ত প্রতিবেদন সংরক্ষণ করবে এবং পরবর্তী সভার পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

(ঘ) সেবাপ্রত্যাশীগণ যেন সেবা পেতে হয়রানির শিকার না হয় তা গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে।

০৪। আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জনেন্দ্র নাথ সরকার)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
শিল্প মন্ত্রণালয়